

সাহিত্যের অনুবাদ এবং অনুবাদ সম্পর্কিত কুবেক ঘোষণা:

১. সাহিত্যের অনুবাদ হলো একটি ভালো লাগার শিল্পকর্ম । অনুবাদ উন্মুক্ততার মূল্যবোধকে প্রসারিত করে, স্বাধীনতার পক্ষে কাজ করে এবং অবিচার, অসহিষ্ণুতা ও সেন্সর আরোপের বিপক্ষে অবস্থান নিলে বিশ্বের সাথে সংলাপের আহ্বান করে থাকে ।
২. অনুবাদের প্রশ্নে সব সংস্কৃতি সমান নয় । কিছু সংস্কৃতি পছন্দমত অনুবাদ করে থাকে, আবার কিছু করে থাকে বাধ্যবাধকতা হিসাবে । অনুবাদ হলো ভাষা এবং সংস্কৃতি রক্ষার হাতিয়ার ।
৩. মূল টেক্সট এবং মূল লেখকদের প্রতি আস্থাবান থেকেও অনুবাদক নিজ গুণে একজন স্রষ্টা । শুধু পুনরুৎপাদনের কাজটিই তিনি সম্পন্ন করেন না বরং সাহিত্য কর্মটিকে সামনের দিকে এগিয়ে নেন, ভূবন মাঝে এর উপস্থিতিকে প্রসারিত করেন । অনুবাদকরা শুধুমাত্র বার্তাবাহক নন । অন্যের পক্ষ হয়ে কথা বললেও কর্তৃস্বর তাঁদের নিজেদের । বিশেষ করে, তাঁরা প্রান্তিক লেখক, রচনা শৈলী এবং সামাজিক গোষ্ঠির প্রতি অনুগত থেকে সাংস্কৃতিক বৈচিত্রের পক্ষে কাজ করে থাকেন ।
৪. অনুবাদকদের অধিকার রক্ষা করতে হবে । সরকার, প্রকাশক, প্রচারমাধ্যম, নিয়োগকর্তা সকলকে অনুবাদকদের আবশ্যিকতা ও তাঁদের মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে । সকল ধরনের মুদ্রন ও ডিজিটাল মাধ্যমে তাঁদের নামের প্রাধান্য থাকতে হবে, কাজের জন্য তাঁদেরকে ন্যায়সঙ্গত মজুরী এবং ভালো কর্মপরিবেশ দিতে হবে ।
৫. অনুবাদকদের সর্বদা শারিরিক নিরাপত্তা ও মত প্রকাশের স্বাধীনতা নিশ্চিত করতে হবে ।
৬. বিশেষ দক্ষতা এবং জ্ঞানের অধিকারী সৃষ্টিশীল লেখকদের প্রতি যেমন সম্মান দেখানো হয়, অনুবাদকদের প্রতিও তেমন সম্মান দেখাতে হবে এবং অনুবাদ সংক্রান্ত বিষয়ে তাঁদের পরামর্শ গ্রহণ করতে হবে । যারা অনুবাদ করেন অনুবাদের স্বত্ব তাঁদেরই ।

অনুবাদ: মোঃ আবু জাফর